সাফ জয়ী বাংলাদেশ দলে গবি শিক্ষার্থী সুমন সরেন



ছবি: গবি প্রতিনিধি

সাফ অনূর্ধ্ব-২০ (পুরুষ) ফুটবলে চ্যাম্পিয়ন হয়ে নতুন ইতিহাস লিখেছে বাংলাদেশ। মালদ্বীপের মালেতে অনুষ্ঠিত ফাইনালে টাইব্রেকারে ভারতকে ৪-৩ গোলে হারিয়ে শিরোপা জিতে নেয় লাল-সবুজের যুবারা। সেই ঐতিহাসিক দলে মাঠে নেমেছিলেন সাভারের গণ বিশ্ববিদ্যালয়ের (গবি) শিক্ষার্থী সুমন সরেন।

রাজশাহীর পুঠিয়া উপজেলার সন্তান সুমন বর্তমানে গবির সমাজবিজ্ঞান ও সমাজকর্ম বিভাগের প্রথম সেমিস্টারের শিক্ষার্থী। ফাইনালের পাশাপাশি পুরো আসরজুড়েই একাধিক ম্যাচে বাংলাদেশ দলের হয়ে খেলেন তিনি এবং দলের জয়ে গুরুত্বপূর্ণ অবদান রাখেন।

টুর্নামেন্টে তার পারফরম্যান্সে উচ্ছ্বাস প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও সংশ্লিষ্টরা। এদিকে তার সাফল্য নিয়ে প্রতিক্রিয়া জানিয়ে গবির জ্যেষ্ঠ শারীরিক প্রশিক্ষক মো. হাবিব উদ্দিন বলেন, তার এই অর্জন ধারাবাহিকভাবে এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা হবে এবং ভবিষ্যতে জাতীয় দলে জায়গা করে নেবে—এমন প্রত্যাশা করেন তিনি।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেন বলেন, এটি বিশ্ববিদ্যালয়ের জন্য গর্বের অর্জন। তার সাফল্য অব্যাহত থাকুক—এবং এই অর্জন শিক্ষার্থীদের জন্য অনুপ্রেরণা হিসেবে তুলে ধরা হবে বলেও জানান তিনি।

উল্লেখ্য, সুমন সরেন ২০২৬ সালের সাফ অনূর্ধ্ব-২০ আসরে বাংলাদেশ দলের ফরোয়ার্ড হিসেবে অংশ নেন।